



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৪২৮.১৪- 282

তারিখঃ ২০/৪/২০১৭ খ্রিঃ।

জনাব মোঃ তরিকুল ইসলাম
সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো),
বিআরডিবি, উপজেলাঃ শ্রীপুর, জেলাঃ মাগুরা।

বিষয়ঃ সরবরাহকৃত মোবাইল সীম বন্ধ রাখায় ব্যাখ্যা তলব ও বেতনভাতা স্থগিত।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীগণকে প্রকল্প হতে সরবরাহকৃত মোবাইল সীম এর ব্যবহার বাধ্যতামূলক করা হয়; যা প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নসহ মনিটরিং এ খুবই গুরুত্বপূর্ণ। কিন্তু বিগত ১৮, ১৯ ও ২০ এপ্রিল/২০১৭ তারিখ প্রকল্প সদর দপ্তর কর্তৃক মোবাইল সীম ট্র্যাকিং এর সময় আপনার সীমটি বন্ধ পাওয়া যায়। এতে জরুরী প্রয়োজন সত্ত্বেও আপনার সাথে যোগাযোগ করা যায়নি এবং আপনার অবস্থান নির্ণয় করা সম্ভব হয়নি; যা খুবই দুঃখজনক। ইহাতে প্রতীয়মান হয় সরবরাহকৃত মোবাইল সীম এর ব্যবহার সংক্রান্ত নির্দেশনা আপনি যথাযথভাবে অনুসরণ করছেন না, যা অফিস শৃঙ্খলা ভঙ্গের সামিল।

এমতাবস্থায়, সরবরাহকৃত মোবাইল সীম বন্ধ রাখার কারণে আপনার বর্ণিত ০৩ (তিন) দিনের বেতন স্থগিত রাখার জন্য সংশ্লিষ্ট স্থানীয় কর্তৃপক্ষকে নির্দেশ প্রদান করা হলো। এছাড়া মোবাইল সীম বন্ধ রাখার কারণে প্রকল্পের কার্যক্রম বিঘ্নিত হওয়ায় কেন আপনার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার সন্তোষজনক জবাব আগামি ৭ (সাত) কার্যদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য আদিষ্ট হয়ে নির্দেশ প্রদান করা হলো।

মোহাম্মদ মহিদুর রহমান মোল্লা
উপপ্রকল্প পরিচালক
ইরেসপো, বিআরডিবি, ঢাকা।

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. প্রকল্প পরিচালক, ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
২. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ মাগুরা।
৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৪. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উপজেলাঃ শ্রীপুর, জেলাঃ মাগুরা।
৫. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৬. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৭. অফিস কপি/ব্যক্তিগত নথি/গার্ড ফাইল।